



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৮/০৩/২০১৭খ্রি:

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

০৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হল শেখ হাসিনা হলের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শেখ হাসিনা হলের প্রভোস্ট দিল আফরোজ খানম এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় নারী দিবসে সকল নারীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, আপনারা কখনো নিজেদেরকে ছেট ও দূর্বল ভাববেন না, কেননা আপনারা মায়ের জাতি। প্রতিটি ধর্মেই নারীর অবদানের কথা বলা হয়েছে। নারী দিবসকে একটি নির্দিষ্ট দিনের মধ্যে সীমাবদ্ধ না রেখে এর ব্যাপকতা ও গভীরতা বছরের প্রতিটি দিনই উপলক্ষ্মি করতে হবে। তিনি বলেন, যে সকল নারীরা গৃহের অভ্যন্তরীন কাজে নিজেদেরকে নিয়োজিত রাখেন তাদের অবদানের কথা চিন্তা করে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা তাদেরকে হাউজ মেকার হিসেবে স্বীকৃতি দিয়েছেন। তাঁর সরকার নারীর কল্যানে সব ধরনের কাজ করে যাচ্ছে। উপাচার্য মহোদয় আরও বলেন, আমি যতদিন বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে আছি ততদিন আমার এ বিশ্ববিদ্যালয়ে কোন নারীর প্রতি অবহেলা ও বৈষম্য হতে দেয়া হবেনা। আলোচনা সভায় শেখ হাসিনা হলের হাউজ টিউটর ও সহকারী হাউজ টিউটর সহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রূমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)